সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/৩১০ তারিখঃ ১৬ নভেম্বর, ২০২৬

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ কাস্টমস হাউস, চট্টগ্রামের অফিস স্থানান্তর প্রসঙ্গে।

সূত্রঃ
কাস্টমস হাউস, চট্টগ্রামের অফিস আদেশ নং-১/কাঃহঃচট্রঃ/প্রশাসন শাখা/০৮/অফিস আদেশ/২০২/৩১২৪৫(১৬) কাস তারিখঃ ৩১/১০/২০২৬ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। Customs Moderization and Infrastructure Development (CMID) Project এর আওতায় কাস্টমস হাউস, চট্টগ্রামের জন্য আধুনিক অফিস ভবন, আবাসিক ভবন, ল্যাবরেটরি ও অন্যান্য আনুষাঙ্গিক স্থাপনার নির্মাণকাজ চলমান থাকায় দাপ্তরিক কার্যক্রমের ধারাবহিকতা বজায় রাখার লক্ষ্যে World Trade Center (WTC) আগ্রাবাদ, চট্টগ্রাম ভবনে স্থানান্তরের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ইতিমধ্যে কিছু কিছু শাখার কার্যক্রম গত ০১/১১/২০২৬ থেকে নতুন ঠিকানায় চলমান আছে। পর্যায়ক্রমে কাস্টমস হাউস, চট্টগ্রামের অবশিষ্ট সকল শাখাসমূহ WTC তে স্থানান্তর করা হবে মর্মে সূত্রোক্ত অফিস আদেশটি জারী করেছে।

আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অফিস আদেশটি সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহা-সচিব

সংযুক্তিঃ বর্ণনামতে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, চট্টগ্রাম
www.chc.gov.bd

নথি নং: ১/কাঃহাঃচট্টঃ/প্রশাসন শাখা/০৮/অফিস আদেশ/২০২২/ তারিখ: ৩১/১০/২০২৬ খ্রি.

অফিস আদেশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Customs Modernization and Infrastructure Development (CMID) Project-এর আওতায় কাস্টমস হাউস, চট্টগ্রামের জন্য আধুনিক অফিস ভবন, আবাসিক ভবন, ল্যাবরেটরি ও অন্যান্য আনুষঙ্গিক স্থাপনা নির্মাণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম ধারাবাহিকভাবে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পের আওতায় নির্মাণকাজ চলমান থাকায় দাপ্তরিক কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে World Trade Center (WTC), আগ্রাবাদ, চট্টগ্রাম ভবনে স্থানান্তরের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

০২। উল্লিখিত স্থানান্তর কার্যক্রমের অংশ হিসেবে প্রাথমিক পর্যায়ে কাস্টমস হাউস, চট্টগ্রামের সাবটিম-১২ হতে ১৬ এবং শুল্কায়ন সেকশন-৮(সি) ও ৮(ডি)-এর দাপ্তরিক কার্যক্রম ইতোমধ্যে World Trade Center (WTC), আগ্রাবাদ, চট্টগ্রামে স্থানান্তর করা হয়েছে। আগামী **০১/১১/২০২৬ খ্রি. তারিখ রোজ রবিবার হতে** উল্লিখিত শুল্কায়ন সেকশনসমূহের শুল্কায়ন কার্যক্রম WTC-তে শুরু হবে। পর্যায়ক্রমে কাস্টমস হাউস, চট্টগ্রামের অবশিষ্ট সকল শুল্কায়ন সেকশন ও শাখা WTC-তে স্থানান্তর করা হবে।

০৩। যেহেতু প্রাথমিক পর্যায়ে নতুন কর্মস্থলে দাপ্তরিক কার্যক্রম ও শুল্কায়ন কার্যক্রম শুরু হতে যাচ্ছে এবং পর্যায়ক্রমে অবশিষ্ট সেকশন, শাখা ও ল্যাবরেটরি স্থানান্তরের কার্যক্রম চলমান থাকবে, সেহেতু এ স্থানান্তর প্রক্রিয়ায় দাপ্তরিক কার্যক্রমের সমন্বয়, প্রয়োজনীয় অবকাঠামোগত ও লজিস্টিক সুবিধা নিশ্চিতকরণ এবং সেবার স্বাভাবিক ধারাবাহিকতা বজায় রাখার ক্ষেত্রে প্রাথমিক পর্যায়ে কিছু সাময়িক সীমাবদ্ধতা, অসুবিধা বা অনাকাঙ্ক্ষিত বিলম্ব সৃষ্টি হতে পারে।

০৪। ফলে, স্থানান্তর কার্যক্রম চলাকালীন এবং নতুন কর্মস্থলে দাপ্তরিক ও শুল্কায়ন কার্যক্রমের প্রাথমিক পর্যায়ে উদ্ভূত সাময়িক অসুবিধা বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডার, বিশেষত আমদানিকারক, রপ্তানিকারক, সিএন্ডএফ এজেন্ট, ক্লেইম ফরওয়ার্ডার, শিপিং এজেন্টসহ অন্যান্য সংশ্লিষ্ট সেবাগ্রহীতাকে ধৈর্য, সহনশীলতা ও সহযোগিতার মনোভাব নিয়ে শুল্কায়ন কার্যক্রম পরিচালনা ও প্রয়োজনীয় সেবা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৫। একইসঙ্গে, কাস্টমস হাউস, চট্টগ্রাম এর সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারী এবং অংশীজনকে স্থানান্তর কার্যক্রম সুষ্ঠু ও নির্বিঘ্নভাবে সম্পন্ন করা, নতুন কর্মস্থলে দাপ্তরিক কার্যক্রমের সঙ্গে সমন্বয় সাধন এবং শুল্কায়ন কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার স্বার্থে পারস্পরিক সহযোগিতা ও সহনশীলতার সঙ্গে দায়িত্ব পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৬। জনস্বার্থে জারিকৃত এ অফিস আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত

(সাঈদুর রহমান)
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমস এর পক্ষে
ফোন: ০২৩৩৩৩১৩৯১৮
email: customhousectg@nbr.gov.bd

BGMEA REGIONAL OFFICE, CTG.

1.	Office Incharge	
2	UD-UP	
3.	Accounts	
4.	Admin-HR / Insurance	
5.	Labour Cell / Fire & Safety	
6.	Law & Order / Crisis Management	
7.	Panodona / Gas-Elec.	
8.	Membership	
9.	C&M / RSC / Dormitory	
10.	Port & Customs	
11.	RDT/MIS/Taxt/Arbitration	
12.	Health / Hospital / School / Project	
13		
Signature		
Dispatch No		
Date & Time		

4/15/11/2026

Scanned with CamScanner

৫০

নথি নং: ১/কাঃহাঃচট্টঃ/প্রশাসন শাখা/০৮/অফিস আদেশ/২০২২/৩৭২৫৫(১৬) কাস্টম

তারিখ: ৩১/১০/২০২৬ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
০২। কমিশনার, কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম।
০৩। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
০৪। প্রকল্প পরিচালক, কাস্টমস আধুনিকায়ন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৩, পশ্চিম পার্শ্ব, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
০৫। পরিচালক, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, ১০১৮/এ, বায়েজীদ বোস্তামী সড়ক, চট্টগ্রাম-৪২০৯।
০৬। পরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (BSTI), বিএসটিআই বিভাগীয় অফিস, জাম্বুরী পার্ক এর পূর্ব দক্ষিণ পাশে, চট্টগ্রাম।
০৭। পরিচালক, অ্যানালাইটিক্যাল সার্ভিস সেল, বিসিএসআইআর (BCSIR) চট্টগ্রাম গবেষণাগার, চট্টগ্রাম সেনানিবাস, চট্টগ্রাম-৪২২০।
০৮। নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম-৪০০০।
০৯। নির্বাহী পরিচালক, বাংলাদেশ এক্সপোর্ট প্রসেসিং জোনস্ অথরিটি (BEPZA), চট্টগ্রাম এক্সপোর্ট প্রসেসিং জোন (CEPZ), দক্ষিণ হালিশহর, চট্টগ্রাম।
১০। দ্বিতীয় সচিব (কাস্টমস: অটোমেশন), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, শেরেবাংলা নগর, ঢাকা।
১১। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, সমুদ্র বন্দর, অগ্রাবাদ, চট্টগ্রাম।
১২। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, প্রাণিসম্পদ কোয়ারেনটাইন স্টেশন, চট্টগ্রাম সমুদ্র বন্দর, চট্টগ্রাম।
১৩। উপপরিচালক, বিভাগীয় কার্যালয়, মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তর, ১১৫, পাঁচলাইশ আ/এ, চট্টগ্রাম।
১৪। ডেপুটি জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড (চট্টগ্রাম দক্ষিণ), সোনালী ব্যাংক ভবন, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১৫। সভাপতি, চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রিজ, ওয়াল্ড ট্রেড সেন্টার বিল্ডিং, ১০২-১০৩, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১৬। ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট, বিজিএমইএ (BGMEA), বিজিএমইএ ভবন, ৬৬৯/ই, ঝাউতলা রোড, দক্ষিণ খুলসি, চট্টগ্রাম।
১৭। প্রেসিডেন্ট/ভাইস প্রেসিডেন্ট, বিকেএমইএ, এস আলম সেন্টার (৪র্থ তলা), ৫৮, অগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১৮। মহাসচিব, দ্যা ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বারস অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (FBCCI), প্লট#৭৬/এ (৪র্থ তলা), ব্লক-এম, রোড#১১, বনানী, ঢাকা-১২১৩।
১৯। সভাপতি, চট্টগ্রাম মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, কাদেরী চেম্বার, ৩৭, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
২০। সভাপতি, চট্টগ্রাম উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, জাহান বিল্ডিং-৫, ৭৪, অগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম-৪১০০।
২১। সভাপতি, বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো এসোসিয়েশন (BICDA), আক্তারুজ্জামান সেন্টার, (৮ম তলা), ২১-২২, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
২২। সভাপতি, ফ্রেইড ফরওয়ার্ডার এসোসিয়েশন, আনোয়ার ট্রেড সেন্টার (লেভেল-১০) ১৭২৮, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
২৩। সভাপতি, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন, মক্কা মদিনা ট্রেড সেন্টার, ৭৮, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম-৪১০০।
২৪। সভাপতি/সাধারণ সম্পাদক, চট্টগ্রাম কাস্টমস এজেন্টস এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, আগ্রাবাদ, চট্টগ্রাম।
২৫। চেয়ারম্যান, বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন (BCSA), ওয়াল্ড ট্রেড সেন্টার, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস-১/২/৩, কাস্টমস হাউস, চট্টগ্রাম।
২। জয়েন্ট কমিশনার অব কাস্টমস (সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩। সিস্টেম এনালিস্ট, কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৪। ডেপুটি/এসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৫। সহকারী প্রোগ্রামার, কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৬। নোটিশ বোর্ড।
৭। অফিস কপি।

31.10.2026

(সাঈদুর রহমান)
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস

CS Scanned with CamScanner